গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৭৭.০০২.১৮.১

তারিখ: ১৮ পৌষ ১৪২৫
০১ জানুয়ারি ২০১৯

বিষয়: **নিয়মিত ট্রুপ/ক্রু মিটিং বাস্তবায়নের জন্য ক্লাস রুটিনে সময়সূচি অন্তর্ভুক্তিকরণ সম্পর্কীয়।**

সূত্র: বা:স্কা: (সংগঠন)/১৮৫৮(২)/১৮ তারিখ: ২০.১২.২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাদ্রাসায় স্কাউটিং কার্যক্রম বিষয়ক জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর আওতাধীন প্রতিটি মাদ্রাসায় স্কাউটিংয়ের নিয়মিত প্যাক,ট্রুপ ও ক্রু মিটিং বাস্তবায়নের জন্য নিম্নে উল্লিখিত নির্দেশনা অনুসরণ করা প্রয়োজন।

০২.স্কাউট আন্দোলনের মাধ্যমে শিশু-কিশোর,তরুন-তরুণীদের সৎ,আদর্শ পরোপকারী আদর্শ নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে স্কাউট/রোভার স্কাউট প্রোগ্রাম বাস্তবায়ন করা হয় মূলতঃ ট্রুপ/ক্রু মিটিংয়ের মাধ্যমে । স্কাউট ট্রেনিং প্রাপ্ত শিক্ষকের নেতৃত্বে সপ্তাহে যে কোন একদিন ৬০-৯০ মিনিট ব্যাপী মুক্তাংগনে এ মিটিং অনুষ্ঠিত হয়ে থাকে যার মাধ্যমে স্কাউট ও রোভার স্কাউটগণ হাতে কলমে প্রশিক্ষণ লাভ করে থাকে।

০৩.নিয়মত ট্রু/ক্রু মিটিং বাস্তবায়নের স্বার্থে সকল মাদ্রাসায় এখন থেকে প্রতি বৃহস্পতিবার সুবিধাজনক সময়ে/অপরাহ্নে ৬০-৯০ মিনিট ব্যাপী ট্রুপ/ক্রু মিটিং আয়োজন ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য সময়সূচি শিক্ষা প্রতিষ্ঠান সমূহের ক্লাস রুটিনে অন্তর্ভুক্ত হবে। এই দিনে স্কাউট/রোভার স্কাউটগণকে স্কাউট পোশাকে ক্লাসে অংশগ্রহণের অনুমতি দেয়া যাবে।

০৪. এমতাবস্থায় নিয়মিত ট্রু/ক্রু মিটিং বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণকে এ ব্যাপারে কার্যকরী উদ্যোগ গ্রহণকরতঃ মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

১-১-২০১৯
সফিউদ্দিন আহমদ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বিতরণ :

১) অধ্যক্ষ , সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/ সিলেট
সরকারি মাদ্রাসা ও সরকারি মুস্তফাবিয়া আলিয়া মাদ্রাসা,বগুড়া
২) অধ্যক্ষ/সুপার, সকল মাদ্রাসা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৭৭.০০২.১৮.১/১

তারিখ: ১৮ পৌষ ১৪২৫
০১ জানুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২) নির্বাহী পরিচালক(ভারপ্রাপ্ত), বাংলাদেশ স্কাউটস
৩) জেলা শিক্ষা অফিসার (সকল) [তাঁর আওতাধীন মাদ্রাসায় বাস্তবায়নের অনুরোধসহ]
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) [তাঁর আওতাধীন মাদ্রাসায় বাস্তবায়নের অনুরোধসহ]

১-১-২০১৯

মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক